



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেডপিপলস ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৬ জানুয়ারি ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

খাগড়াছড়িতে নব্য মুখোশ বাহিনী সন্ত্রাসীদের গুলিতে ইউপিডিএফ সদস্য আহত হওয়ার ঘটনায় নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের প্রধান সংগঠক সচিব চাকমা সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে আজ শুক্রবার (২৬ জানুয়ারি ২০১৮) সকালে খাগড়াছড়ি - দীঘিনালা সড়কের ৪ মাইল নামক স্থানে সেনাবাহিনীর লেলিয়ে দেয়া নব্য মুখোশ বাহিনীর সন্ত্রাসীদের গুলিতে ইউপিডিএফ সদস্য আহত করার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি ঘটনার বিবরণ দিয়ে বলেন, আজ সকাল পৌনে ১১টার দিকে নব্য মুখোশ বাহিনীর রাফ্র মারমা ও মিলন ত্রিপুরার নেতৃত্বে ৬ জনের একদল সন্ত্রাসী দু'টি মোটর সাইকেল যোগে ৪ মাইলে গিয়ে ইউপিডিএফ সদস্য শান্তিময় চাকমা ওরফে বিপ্লব (৩২)-এর উপর গুলি চালায়। এতে তিনি পায়ে ও পেটে গুলিবিদ্ধ হয়ে গুরুতর আহত হন। স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে খাগড়াছড়ি সদর হাসপাতালে ভর্তি করেন। পরে সেখান থেকে তাকে উন্নত চিকিৎসার জন্য চট্টগ্রামে নিয়ে যাওয়া হয়।

বিবৃতিতে তিনি এ ঘটনাকে কাপুরুষোচিত ও ন্যাকারজনক আখ্যায়িত করে বলেন, সেনাবাহিনী ও জেএসএস (এমএন লারমা) গ্রুপের একাংশের চার কুচক্রির প্রত্যক্ষ মদদে সন্ত্রাসীরা খুন-খারাবি চালিয়ে যাচ্ছে। গত ৩ জানুয়ারি ইউপিডিএফ সংগঠক মিঠুন চাকমা হত্যার সাথে জড়িত সন্ত্রাসীদের গ্রেফতার না করার কারণে তারা আরো বেপরোয়া হয়ে উঠেছে।

বিবৃতিতে তিনি অবিলম্বে নব্য মুখোশ বাহিনী সন্ত্রাসীদের গ্রেফতারপূর্বক দৃষ্টান্তমূলক শাস্তি ও সন্ত্রাসীদের সেনা মদদদান বন্ধের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।